

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১৩১.২০১৯/ ৪৩ ৬৪/৪

তারিখঃ ২১/০৭/১৪২৬ বঙ্গাব্দ  
০৮/১১/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : নিয়োগ সংক্রান্ত রেকর্ডপত্রের মূলকপি প্রদর্শন সংক্রান্ত।

সূত্র : স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৩১.২০১৯-১৫০৪(৫) তারিখ : ২১/০৪/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার চরফ্যাশন উপজেলার দুলারহাট আদর্শ ডিগ্রী কলেজে ২০১৬ সালে সমাজবিজ্ঞান বিষয়ে প্রভাষক নিয়োগের জন্য প্রতিষ্ঠান থেকে উদ্যোগ গ্রহণ করা হয়। উক্ত নিয়োগ পরীক্ষায় জনাব হাসনা হেনাসহ অনেকেই সমাজবিজ্ঞান বিষয়ের প্রভাষক পদে নিয়োগের জন্য আবেদন করে নিয়োগ পরীক্ষায় অংশ গ্রহণ করেন। জনাব হাসনা হেনা নিয়োগ পরীক্ষায় ১ম স্থান অর্জন করা সত্ত্বেও তাকে বাদ দিয়ে অন্য একজনকে এম.পি.ও ভুক্ত করা হয়েছে মর্মে অভিযোগ পাওয়া যায়। বিষয়টি যাচাই করার লক্ষ্যে মাউশি থেকে গত ২১/০৪/২০১৯ খ্রি. তারিখের পত্রে জনাব হাসনা হেনাসহ নিয়োগ সংক্রান্ত সমাজবিজ্ঞান বিষয়ে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণকারী সকলের নিয়োগ সংক্রান্ত তথ্যাদির মূলকপি মাউশিতে প্রদর্শন করার জন্য পত্র দেয়া হয়। কিন্তু অদ্যাবধি প্রদর্শন করা হয়নি।

এমতাবস্থায়, আগামী ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে জনাব হাসনা হেনাসহ সমাজবিজ্ঞান বিষয়ের প্রভাষক পদে নিয়োগের জন্য আবেদনকারী, নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণকারী এবং নিয়োগ প্রক্রিয়ায় সকল তথ্যাদির মূলকপি উপপরিচালক(কলেজ-২) এর নিকট প্রদর্শন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে কাগজপত্র প্রদর্শন করা না হলে উর্দ্ধতন কর্তৃপক্ষের আদেশ অমান্য করার কারণে জনবল কাঠামো-২০১৮ এর ১৮.১(খ) ধারা মোতাবেক বেতনভাতা স্থগিতের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাক্ষর ১১.১৭  
(মো. আবদুল কাদের)  
সহকারী পরিচালক (কলেজ-৩)  
ফোন নং- ৯৫৫৬০৫৭  
Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

দুলারহাট আদর্শ ডিগ্রী কলেজ

চরফ্যাশন, ভোলা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, দুলারহাট আদর্শ ডিগ্রী কলেজ, চরফ্যাশন, ভোলা।
- ৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল।
- ৪। জেলা শিক্ষা অফিসার, ভোলা।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চরফ্যাশন, ভোলা।
- ৬। সংরক্ষণ নথি।